

প্রিয় ছাত্রছাত্রীরা,

কোভিড-১৯ (নভেল করোনা) অসুখের কারণে আমরা সবাই গৃহবন্দী। তোমরাও। এই সময় তোমাদের পড়াশুনো যাতে একদম বন্ধ হয়ে না যায়, সেই জন্য মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যালয় শিক্ষাবিভাগ বেশ কিছু ব্যবস্থা নিয়েছে।

১। বাংলার শিক্ষা ক্লাসরুম :

আপাতত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের ছাত্রছাত্রীরা, যারা আগামী বছরে বোর্ড পরীক্ষার সম্মুখীন হবে, তাদের জন্য, আগামী ৭ এপ্রিল, ২০২০ থেকে ১৩ এপ্রিল, ২০২০, প্রতিদিন একঘণ্টা করে এবিপি আনন্দ চ্যানেলে, বিকেল ৩ টে থেকে একটি অনুষ্ঠান আয়োজন করা হচ্ছে, যেখানে অভিজ্ঞ শিক্ষকেরা একটি বিষয়ের একটি নির্দিষ্ট অধ্যায়ের উপর আলোচনা করবেন। (অনুষ্ঠানসূচী দেখো বাংলার শিক্ষা পোর্টালে) ।

ছাত্রছাত্রীরা অনুষ্ঠানের আগের দিন সন্ধ্যা ৬ টা পর্যন্ত bsclassroom2020@gmail.com -এ ই-মেল করে বা ৯৭৪৮২১৭২০১ নাম্বারে হোয়াটস অ্যাপ করে প্রশ্ন করতে পারবে। অনুষ্ঠান চলাকালীন ফোন করেও প্রশ্ন করা যাবে। প্রশ্ন পাঠানোর সময় নিজের নাম, ক্লাস, স্কুলের আর জেলার নাম বলতে ভুলো না। অনুষ্ঠান শেষে বাড়িতে বসে করার জন্য একটি অ্যাকাউন্টটি টাস্ক দেওয়া হবে, যা বিদ্যালয় খুললে স্কুলের শিক্ষকের কাছে জমা করতে হবে।

২। বাংলার শিক্ষা অনলাইন :

অন্য সব ক্লাসের শিক্ষার্থীরাও যাতে নিয়মিত বাড়িতে বসে পড়াশুনো করতে পারে তাই বিদ্যালয় বন্ধ থাকাকালীন বাড়িতে বসে করার জন্য প্রতিটি বিষয়ে, প্রথম সামেরিভ পরীক্ষার পাঠ্যসূচির ভিতর থেকে, একটি করে অ্যাকাউন্টটি টাস্ক বা অ্যাসাইনমেন্ট দেওয়া হবে, যা ওই বিষয়ের খাতায় অনুশীলন করে বিদ্যালয় খুললে স্কুলের শিক্ষকের কাছে জমা করতে হবে। মডেল অ্যাকাউন্টটি টাস্ক বাংলার শিক্ষা পোর্টালে (<https://banglarshiksha.gov.in>) বা এডুকেশন হেল্পলাইনে (১৮০০ ১০২ ৮০১৪) ফোন করে পাওয়া যাবে। প্রয়োজনে বিদ্যালয়ের শিক্ষকের সহায়তা নেবে এসএমএস, ই-মেইল, ফোন বা হোয়াটসঅ্যাপের মাধ্যমে। তাঁদের উপদেশ অনুযায়ী অনুশীলন শেষ করবে। মন দিয়ে পড়াশুনো করো। তোমাদের সুবিধার জন্য বেশ কিছু ই-কনটেন্ট দেওয়া হচ্ছে ওই পোর্টালে।

ঘর থেকে বেরোবে না। সুস্থ থাকো, ভালো থাকো।

ডঃ পার্থ চ্যাটার্জী

শিক্ষামন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার